

স্মারক নং-বিএনএমসি/২০১৭/১১৭(২০০)

তারিখঃ ১৯ ফেব্রুয়ারি ২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৭ ফেব্রুয়ারি ২০১৭খ্রি. অনুষ্ঠিত কম্প্রিহেন্সিভ (লাইসেন্সিং/প্রি-রেজিস্ট্রেশন) পরীক্ষায় উত্তীর্ণ নার্স-মিডওয়াইফদের রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু করা হবে বিধায় এতদসঙ্গে বিনামূল্যে ফরম প্রেরণ করা হলো। উক্ত ফরম সঠিকভাবে পূরণ করে ১৬ মার্চ ২০১৭খ্রি. মধ্যে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ পূর্বক জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

নিয়মাবলীঃ

১. প্রার্থীগণ স্ব-স্ব ইনস্টিটিউট/ কলেজ হতে ফরম সংগ্রহ করে স্বহস্তে পূরণ পূর্বক অবশ্যই প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন। প্রতিষ্ঠান প্রধান সকল আবেদন একত্রে একটি ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে কাউন্সিলে জমা দিবেন। বিচ্ছিন্ন প্রার্থী কর্তৃক কোন আবেদন কাউন্সিলে গ্রহণ করা হবে না এবং রেজিস্ট্রেশন ইস্যু করা হবে না;
২. রেজিস্ট্রেশনের জন্য নার্স ও মিডওয়াইফদের নির্ধারিত পৃথক পৃথক পোষাক (ইউনিফর্ম) পরিহিত পাসপোর্ট সাইজের ছবি (ম্যাট পেপারে ল্যাব প্রিন্ট করা) এক কপি আইকা দিয়ে নির্দিষ্ট ছকে লাগানোর পর অধ্যক্ষ/ইনচার্জ স্বাক্ষর করবেন, যেন চেহারা টেকে না যায়। অপর ছবির পেছনে সত্যায়িত করে ফরমের মাঝামাঝি-উপরাংশে স্টেপলার পিন দিয়ে লাগাতে হবে, যা রেজিস্ট্রেশন কার্ডে সংযুক্ত করা হবে।
৩. স্টুডেন্ট রেজিস্ট্রেশন, কম্প্রিহেন্সিভ পরীক্ষার প্রবেশপত্র, প্রসংশাপত্র, এসএসসি ও এইচএসসি'র সনদপত্র-সহ এবং বিএসসি নার্সিং কোর্সে উত্তীর্ণদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সনদপত্র ও ইন্টারশীপের সনদপত্র (ফটোকপি অধ্যক্ষ'র নামের সীলসহ সত্যায়িত করে) ফরমের সাথে সংযুক্ত করতে হবে;
৪. ফরম পূরণকালে অবশ্যই এসএসসি, এইচএসসি ও বিএনসি'র স্টুডেন্ট রেজিস্ট্রেশন অনুযায়ী প্রার্থীর নাম, পিতা, মাতা ও ইনস্টিটিউট/ কলেজের নাম ইংরেজীতে বড়হাতের অক্ষরে লিখতে হবে।
৫. (ক) ডিপ্লোমা ইন-মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে উত্তীর্ণদের রেজিস্ট্রেশন ফি বাবদ ২,০০০/= (দুই হাজার) এবং সনদপত্র ফি বাবদ ১,৫০০/= (এক হাজার পাঁচশত) টাকাসহ জনপ্রতি ৩,৫০০/= (তিন হাজার পাঁচশত) টাকা করে সকল প্রার্থীর ফি একত্রে একটি ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে “বাংলাদেশ নার্সিং কাউন্সিল” এর অনুকূলে ফরোয়ার্ডিং ও তালিকাসহ জমা দিতে হবে।
(খ) বিএসসি ইন-নার্সিং কোর্সে উত্তীর্ণদের রেজিস্ট্রেশন ফি বাবদ জনপ্রতি ২,৫০০/= (দুই হাজার পাঁচশত) টাকা করে সকল প্রার্থীর ফি একত্রে একটি ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে বাংলাদেশ নার্সিং কাউন্সিল এর অনুকূলে ফরোয়ার্ডিং ও তালিকাসহ জমা দিতে হবে।
৬. রেজিস্ট্রেশন ও সনদপত্র ইস্যুর জন্য স্ব-স্ব ইনস্টিটিউট কর্তৃপক্ষ রেজিস্ট্রার বহি সংরক্ষণ করবেন;
৭. রেজিস্ট্রেশন ও সনদপত্র ইস্যু সংক্রান্ত কার্যক্রম অধ্যক্ষ/ইনচার্জ-কে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ ইনস্টিটিউট কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন-এর আবেদন গ্রহণ ও প্রদানকালে প্রার্থীর নিকট হতে নির্ধারিত ফি ব্যতিত অতিরিক্ত টাকা গ্রহণ করতে পারবে না; অতিরিক্ত টাকা গ্রহণ অথবা প্রদান করা অথবা এতদসংক্রান্ত কোন প্রকার অভিযোগ পাওয়া গেলে আইনানুগ/ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তিঃ

- (ক) ফলাফলের কপি-১ সেট।
- (খ) রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত আবেদন ফরম টি এতদসঙ্গে প্রেরণ করা হলো।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬১১১৬, ৯৫৬৪১৫৯
ই-মেইল- info@bnmc.gov.bd

অনুলিপিঃ

১. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২. অধ্যক্ষ/ ইনচার্জ, নার্সিং কলেজ/ নার্সিং ইনস্টিটিউট,
৩. নোটিশ বোর্ড (প্রার্থীদের অবগতির জন্য) নার্সিং কলেজ/নার্সিং ইনস্টিটিউট,
৪. হিসাব শাখা, বিএনএমসি।
৫. জনাব/ বেগম